

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
আমতলী, বরগুনা।

সভা নং ০১/২০২১-২০২২

উপজেলা অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার কার্য-বিবরণী:

সভাপতি : জনাবা মনিরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।।

তারিখ : ১৯-০২-২০২২ খ্রি:

সময় : ১১:০০ ঘটিকা

সভাস্থল : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট পত্র “ক” দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উক্ত কমিটির সদস্য সচিব ও উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডা ভিত্তিক সভা পরিচালনা করার অনুরোধ জানান।

১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা সভায় বলেন, ২০২১-২২ অর্থবছরের জন্য আমতলী উপজেলার বিভিন্ন বাজারের টোল আদায়ের জন্য ইজারাদার নির্বাচনের জন্য যাবতীয় পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন।
২. চেয়ারম্যান, ধানখালী ইউনিয়ন পরিষদ জানান, আগামী ২০২১-২২ অর্থবছরের আওতায় হাট-বাজার ইজারার জন্য কমিটিগঠন করে দ্রুত ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।

সভায় আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আগামী ২০২১-২২ অর্থবছরের হাট-বাজার ইজারার জন্য সরকারী নীতিমালা অনুযায়ী শীঘ্রই টেন্ডার আহবান করা হবে।
২. টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়নের জন্য বিগত বছরের প্রক্রিয়া অনুসরণ করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাকার্য সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ মনিরা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও
স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটি
আমতলী, বরগুনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
আমতলী, বরগুনা।

সভা নং ০২/২০২১-২০২২

উপজেলা অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার কার্য-বিবরণী:

সভাপতি : জনাবা মনিরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।।

তারিখ : ১০-০৪-২০২২ খ্রি:

সময় : ১১:০০ ঘটিকা

সভাস্থল : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট পত্র “ক” দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উক্ত কমিটির সদস্য সচিব ও উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান, উপজেলা পরিষদ আইন সংশোধিত ২০০৯ এর ৩৮ নং ধারা অনুযায়ী প্রতি অর্থ বছর শুরু হওয়ার অন্তত ৬০ দিন পূর্বে উপজেলা পরিষদ কর্তৃক উক্ত বছরের আয়-ব্যয় সম্বলিত বিবরণী প্রস্তুত করার নির্দেশনা/ বাধ্যবাধকতা আছে।

১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা আরও জানান ৫ম উপজেলা পরিষদের ৫ম সভায় উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কলাপাড়াকে আহ্বায়ক করে ৯ সদস্য বিশিষ্ট বাজেট প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি উপজেলা পরিষদে ন্যস্ত বিভাগ/দপ্তর হতে নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছে এবং পরবর্তি কার্যক্রম কমিটি কর্তৃক চলমান আছে।
২. চেয়ারম্যান, চাকামইয়া ইউনিয়ন পরিষদ জানান, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে রাজস্ব তহবিল হতে রাজস্ব উন্নয়ন তহবিলে স্থানান্তরিত অর্থ দ্বারা ইউনিয়ন পর্যায়ের উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য ৭০% অর্থ বরাদ্দ করার প্রস্তাব করেন।

সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. আগামী ২০২১-২০২২ অর্থ বছরের খসড়া বাজেট জুন ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে বাজেট প্রণয়ন কমিটিকে অনুরোধ করা হয়।
৪. কমিটি যথাযথ ভাবে ত্রুটিবিহীন বাজেট সভায় উপস্থাপন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাকার্য সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ মনিরা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও

স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটি

আমতলী, বরগুনা।।